



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-১ শাখা।
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

তারিখ: ২৪ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ।
০৮ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ।

পত্র সংখ্যা- ৪৬.০৯৯.০১৪.০০০.০০.০২৩.২০২০-০৭

বিষয়ঃ স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বাস্তবায়নাধীন/ বাস্তবায়িত উন্নয়ন প্রকল্পসমূহের তথ্যাদি MIS সফটওয়্যারে আপডেটকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বাস্তবায়নাধীন/ বাস্তবায়িত উন্নয়ন প্রকল্পসমূহের মনিটরিং, পরিদর্শন ও মূল্যায়ন কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা, জবাবদিহি ও আর্থিক শৃঙ্খলাসহ সুশাসন নিশ্চিতকরণে মাননীয় প্রধানমন্ত্রী ১০ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে এ মন্ত্রণালয় পরিদর্শনকালে মতবিনিময় সভায় প্রকল্প প্রলয়ন, বাস্তবায়ন ও মনিটরিং বিষয়ে নিয়ন্ত্রণ নির্দেশনা/অনুশাসন প্রদান করেন:

❖ “নির্দেশনা ১৪.৭- উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে গুণগতমান, স্বচ্ছতা, জবাবদিহি ও আর্থিক শৃঙ্খলা নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে মনিটরিং কার্যক্রম জোরাদার এবং কার্যকর মনিটরিং এর জন্য তথ্য প্রযুক্তি ভিত্তিক পদ্ধতি প্রচলনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে”।

উক্ত অনুশাসন বাস্তবায়নের লক্ষ্যে মনিটরিং, ইনস্পেকশন ও ইত্যালুয়েশন (মইই) অনুবিভাগ কর্তৃক তথ্য-প্রযুক্তিভিত্তিক মনিটরিং পদ্ধতি (Web Based Monitoring System) প্রবর্তনপূর্বক (<http://mis.lgd.gov.bd>) প্রকল্প বাস্তবায়নের সকল কার্যক্রম যেমন: PSC/PIC সভার নোটিশ, কার্যবিবরণী, ভৌত অবকাঠামোগত উন্নয়ন, টেক্ডার সংক্রান্ত কার্যক্রম ইত্যাদির সকল তথ্য এবং প্রকল্পের যে কোন সংশোধন/পরিবর্তন/পরিমার্জন সম্পর্কিত তথ্য সফটওয়্যারে আপলোড করার জন্য স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয় (সংযুক্ত-০১ ও ০২)।

লক্ষ্য করা যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের পরিচালকগণ ও সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক প্রকল্পসমূহ নিয়মিত পরিদর্শন করা হচ্ছেন অথবা পরিদর্শন করা হলেও প্রকল্প পরিদর্শন সংক্রান্ত তথ্যাদি MIS সফটওয়্যারে নিয়মিত আপলোড না করার ফলে মনিটরিং কার্যক্রম ব্যতৃত হচ্ছে বিধায় সকল উন্নয়ন প্রকল্পের মনিটরিং, পরিদর্শন ও মূল্যায়ন কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা, জবাবদিহি ও আর্থিক শৃঙ্খলাসহ সুশাসন নিশ্চিতকরণের লক্ষ্যে প্রকল্পের হালনাগাদ তথ্যাদি MIS সফটওয়্যারে আপডেট করা অতীব জরুরি।

উল্লেখ্য যে, MIS সফটওয়্যারের ID/Password মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়সহ সংশ্লিষ্ট সকলকে প্রদান করা হয়েছে। সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাগণ MIS নিয়মিত পর্যবেক্ষণ করছেন।

এমতাবস্থায়, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন/বাস্তবায়িত বিভিন্ন প্রকল্পের পরিচালকগণ ও সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক প্রকল্পসমূহ নিয়মিত পরিদর্শন করে প্রকল্প পরিদর্শন সংক্রান্ত তথ্যাদি MIS সফটওয়্যারে নিয়মিত আপলোড করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোঃ শাই জালাল

মোঃ শাই জালাল
সহকারী সচিব

ফোন: +৮৮-০২-৯৫১৪৬১১
E-mail: mon1@lgd.gov.bd

বিতরণ (কার্যালয়ে):

০১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।

অন্তিম সেবন কার্যালয়ে/জাতার্থে:

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন/পাস)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ।
- ২। যুগ্মসচিব (মওমু), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। উপসচিব (পাস-১/উন্নয়ন-১), অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। প্রজেক্ট ম্যানেজার, টেকনোভিস্টা লি., গুলশান, ঢাকা।
- ৬। প্রোগ্রাম/সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।
- ৭। অফিস কপি।